

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম
www.dncrpchittagongdiv.gov.bd



‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭’ ও মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ ২০১৮ তারিখের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩-এ বর্ণিত ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত স্পষ্টীকরণ’-এর আলোকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের কার্যালয়ের আওতাধীন কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতিঃ জনাব মোহাম্মদ ফয়েজ উল্যাহ, উপপরিচালক

তারিখঃ ০২ জুন ২০২১ খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থানঃ চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

- ১। জনাব মোহাম্মদ ফয়েজ উল্যাহ, উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
- ২। জনাব মুহাম্মদ হাসানুজ্জামান, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয়, চট্টগ্রাম
- ৩। জনাব পাপীয়া সুলতানা লীজা, সহকারী পরিচালক(মেট্রো), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। অতঃপর উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের কর্মচারীদের বর্ণিত নীতিমালা ও শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কিত স্পষ্টীকরণ সংক্রান্ত স্মারকপত্র অনুসরণে ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের আওতাধীন কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। সরকারী কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রনয়ণ করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী এ বিভাগের গ্রেড ০১-১০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব সোহেল চাকমা, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ফেনী জেলা কার্যালয়, ফেনী-কে ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ ফয়েজ উল্যাহ)

উপপরিচালক

ও

সভাপতি, শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটি

নং- ২৬.০৪.০০০০.৩০১.১৮.০২৫.২০-১৬৬

তারিখ: ০২ জুন ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
- ২। পরিচালক(প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। জনাব সোহেল চাকমা, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ফেনী জেলা কার্যালয়, ফেনী।

০২.০৬.২০২১

(মোহাম্মদ ফয়েজ উল্যাহ)

উপপরিচালক

ফোন: ০৩১-৭৪১২১২

ই-মেইল: dd-chittagong@dncrp.gov.bd